# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড


অতিঃ প্রধান প্রকৌশলীর দপ্তর
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
পানি ভবন, লেভেল-১
৭২, গ্রীন রোড, ঢাকা।
ফোন ঃ +৮৮ ০২ ২২২২৩০০২২

www.bwdb.gov.bd

OFFICE OF THE ADD. CHIEF ENGINEER
TRAINING & HR DEVELOPMENT
PANI BHABON, Level-1
72, GREEN ROAD, DHAKA.
PHONE +88 02 222230022
e-mail : ctsd.bwdb@gmail.com


স্মারক নং-৪২.০১.০০০০.০২৮.০৬.০০১.২১-৬১২ ; তারিখঃ ০১/০৩/২০২২ খ্রিঃ।

**বিগত ২৮/০২/২২ খ্রিঃ তারিখে বিকাল ০৩.৩০ ঘটিকায় মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সম্মেলনকক্ষে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মাঠ পর্যায়ে "সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) " সংক্রান্ত অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরনী।**

বিগত ২৮/০২/২২ খ্রিঃ তারিখে বিকাল ০৩.৩০ ঘটিকায় মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সম্মেলনকক্ষে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মাঠ পর্যায়ে "সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) " সংক্রান্ত অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ ওয়াহিদ হোসেন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)(চঃদাঃ), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন এর দপ্তর, বাপাউবো, ঢাকা। সভার উপস্থিতি তালিকা সংযুক্তি-০১। সভার শুরুতে সভাপতি মহোদয় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২২ বিষয়ে আলোচনা করেন। অতঃপর বাপাউবো'র এপিএ সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব ড. মোঃ আবুল বাশার, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) মহোদয় বাপাউবো'র মাঠ পর্যায়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) সংক্রান্ত কার্যক্রমের গুরুত্ব সম্পর্কে উপস্থিত বাপাউবো'র জোনাল প্রধান প্রকৌশলী মহোদয়গণকে অবহিত করেন। উপস্থিত বাপাউবো'র জোনাল প্রধান প্রকৌশলী মহোদয়গণ মাঠ পর্যায়ে সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করেন। অতঃপর বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ ওয়াহিদ হোসেন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)(চঃদাঃ) মহোদয় জোনাল প্রধান প্রকৌশলী মহোদয়গণের নিজ নিজ জোনের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন।এসময় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২০২২ (হার্ডকপি) উপস্থিত সকলকে সরবরাহ করা হয়। উল্লিখিত বিষয় সমূহের উপর বিস্তারিত আলোচনা শেষে উপস্থিত সকলের সম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

## গৃহীত সিদ্ধান্তসমূহঃ

১। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২০২২ (অত্রসাথ সংযুক্ত) অনুসরণ পূর্বক প্রত্যেকটি জোনে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়ন দিতে হবে।

২। বাপাউবো'র মাঠ পর্যায়ের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনার নিমিত্তে বাপাউবো'র সকল জোনাল প্রধান প্রকৌশলী মহোদয়গণ ত্রৈমাসিক ভিত্তিতে প্রতিবেদন মহাপরিচালক মহোদয় বরাবর প্রেরণ করবেন ।

৩। সকল জোনে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কার্যক্রমের উপর প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

০১/০৩/২২

(মোঃ ওয়াহিদ হোসেন)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)(চঃদাঃ)
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
বাপাউবো, ঢাকা।
ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter)

বিতরন (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)ঃ

১. প্রধান প্রকৌশলী/অতিঃ প্রধান প্রকৌশলী ; সকল জোন, বাপাউবো।
২. প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং, বাপাউবো, ঢাকা এবং টিম লিডার (এপিএ)।
৩. সচিব, বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা ও বিকল্প ফোকাল পয়েন্ট, বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) সংক্রান্ত।
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), প্রসেসিং পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (কার্যবিবরনীটি বোর্ডের ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবাবক্সে আপলোডের জন্য অনুরোধ জানানো হলো)
৬. সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. ব্যক্তিগত সহকারী ,অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
৮. অফিস কপি/মাষ্টার কপি।

(মোঃ ওয়াহিদ হোসেন)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)(চঃদাঃ)
প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন
বাপাউবো, ঢাকা।
ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter)

সংযুক্তি-১

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

মাঠ পর্যায়ে "সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) " এর সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা সভা

তারিখঃ ২৮ ফেব্রুয়ারী, ২০২২ ইং।

স্থানঃ মহাপরিচালক মহোদয়ের সম্মেলনকক্ষ (পানি ভবন, লেভেল-৫, রুম-৫০৭)

<u>হাজিরা বিবরনী</u>

| নাম ও পদবী | অফিস | স্বাক্ষর |
|---|---|---|
| ১। প্রকৌঃ [illegible] হোসেন প্রধান, প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন | প্রধান, প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন দপ্তর, ঢাকা | [illegible] |
| ২। মোঃ জহিরুল ইসলাম | অতিঃ প্রধান প্রকৌশলী কার্যালয়, রাজশাহী | 28/2/22 |
| ৩। মোঃ আব্দুল লতিফ [illegible] | প্রধান প্রকৌশলী [illegible] | |
| ৪। মোঃ মনিরুজ্জামান অতিঃ প্রধান প্রকৌশলী | পূর্বাঞ্চল, বাপাউবো, কুমিল্লা | 28/02/22 |
| ৫। আবদুল হেকিম অতিঃ প্রধান প্রকৌশলী | পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর। | 28/2/22 |
| ৬। মোঃ রফিকুল ইসলাম চৌধুরী অতিঃ প্রধান প্রকৌঃ মনিটরিং | প্রধান প্রকৌশলীর দপ্তর মনিটরিং | |
| ৭. মোঃ আব্দুল শহীদ অতিঃ প্রধান প্রকৌশলী | পানি বিজ্ঞান, বাপাউবো, ঢাকা | |
| ৮। মোঃ আজিজুল হক অতিঃ প্রধান প্রকৌঃ | [illegible] দপ্তর, [illegible] | |
| ৯। এ,কে,এম, তাহমিদুল ইসলাম, [illegible] | বাপাউবো, [illegible] | |
| ১০। মোঃ আবুল কালাম SE | Processing, BWDB | |
| ১১। মুহাম্মদ আমিনুল হক [illegible] অতিঃ প্রধান প্রকৌশলী | উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর | 28/2/22 |
| ১২। মোঃ [illegible] আলী প্রামানিক প্রধান প্রকৌশলী | দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্টগ্রাম। | 28/2/2022 |
| | | |
| | | |